# সংবাদ

তারিখ 31 JAN 2013
পৃষ্ঠা ... ১৬ কলাম ... ৬

## দাবিতে ১০ ফেব্রুয়ারি ধর্মঘটের ডাক প্রগতিশীল ছাত্রজোটের

**বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন স্থাপনা, বিভাগ, ল্যাব, ছাত্রকল্যাণসহ বিভিন্ন খাতে 'আরোপিত' নতুন 'ফি' প্রত্যাহারের দাবিতে ১০ ফেব্রুয়ারি বিশ্ববিদ্যালয়ে সর্বাত্মক ধর্মঘটের ডাক দিয়েছে প্রগতিশীল ছাত্রজোট। গতকাল বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে এক সংবাদ সম্মেলনের মাধ্যমে এ ধর্মঘটের ঘোষণা দেয়া হয়। জোট নেতারা বলেন, সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের স্বোপার্জিত স্বাধীনতা চত্বর ব্যবহারে, নৃবিজ্ঞান, ইতিহাস, সাংবাদিকতা, আইন, পরিসংখ্যান, গণিতসহ কয়েকটি বিভাগ এবং সুফিয়া কামাল হল, জগন্নাথ হলে অতিরিক্ত ফি বাড়ানো হয়েছে। ধর্মঘট ডাকার পাশাপাশি ১০ দিনব্যাপী কর্মসূচিও ঘোষণা

ডাক : পৃষ্ঠা : ২ ক : ৬

## ডাক : প্রগতীশীল

(১৬ পৃষ্ঠার পর)

দিয়েছে জোটের নেতারা। এসব কর্মসূচির মধ্যে রয়েছে ১ থেকে ৫ ফেব্রুয়ারি প্রচার কর্মসূচি এবং ছাত্রসংযোগ, ৬ ফেব্রুয়ারি সামাজিক ও সাংস্কৃতিক, রাজনৈতিক সংগঠনের সঙ্গে মতবিনিময়, ৭ ফেব্রুয়ারি সায়েন্স এনেক্সে প্রচার মিছিল, ৯ ফেব্রুয়ারি কলা এবং বাণিজ্য অনুষদে প্রচার মিছিল ও সন্ধ্যায় মশাল মিছিল এবং ১০ ফেব্রুয়ারি ও শেষ দিনে সর্বাত্মক ধর্মঘট।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের (ঢাবি শাখা) সাধারণ সম্পাদক রুহুল আমিন লিখিত বক্তব্য বলেন, শিক্ষার বাণিজ্যিকীকরণের নীতি বাস্তবায়নে আবারও তৎপর হয়ে উঠেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

সংবাদ সম্মেলনে বাংলাদেশ ছাত্র ইউনিয়ন ঢাবি শাখার সভাপতি লিমন রায় লিপু, বাংলাদেশ ছাত্র ফেডারেশনের ঢাবি শাখার সং. সাধারণ সম্পাদক আমির খসরু ইমন, বিপ্লবী ছাত্রমৈত্রী ঢাবি শাখার সভাপতি ফাহিম উদ্দিনসহ জোটের নেতাকর্মীরা, উপস্থিত ছিলেন।